



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।

Bangladesh



কলেজ কোড: ঢাকা শিক্ষা বোর্ড : ৪০২৫ : F.T.N : ১১৪৭৪৩, প্রতিষ্ঠার বিশ্ববিদ্যালয় : ৫৩৩৭

e-mail : kgc10.tangail@gmail.com web: www.kgc.ac.bd, Phone: 02997752601

স্মারক নং: কুসক.১১৪৭৪৩.২০২৪.৩০৯(ক)

তারিখ: ২৭/০৫/২০২৪ খ্রি.

২০২১-২০২২ শিক্ষা বর্ষের স্নাতক (পাস) পর্যায়ে ১ম বর্ষের শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান সংক্রান্ত যাচাই বাছাই কমিটির সভার রেজুলেশন:

২৭/০৫/২০২৪ খ্রি. রোজ সোমবার স্নাতক (পাস) ১ম বর্ষ (২০২১-২০২২) শিক্ষার্থীদের উপবৃত্তি চূড়ান্ত বাছাই কমিটির সভার সভাপতি অত্র কলেজের অধ্যক্ষ প্রফেসর মো: বদরুল আলম এর সভাপতিত্বে তাঁর কক্ষে যোগ্য প্রার্থীদের চূড়ান্ত বাছাই করার জন্য এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কমিটির সদস্য নিম্নরূপ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

ক্রমিক নং	নাম ও পদবী	কমিটিতে অবস্থান
১.	প্রফেসর মো: বদরুল আলম অধ্যক্ষ, কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।	সভাপতি
২.	জনাব ফকির মো: আবুল কালাম সহকারী অধ্যাপক, হিসাববিজ্ঞান, শিক্ষক প্রতিনিধি	সদস্য
৩.	জনাব মো: মুজিবুল আহসান উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল	সদস্য
৪.	জনাব আবু রাসেল মো: সাদ্দীম সম্পাদক, শিক্ষক পরিষদ, কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল	সদস্য সচিব

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ:

- সভায় অস্থগল মুক্তিযোদ্ধার সন্তান, প্রতিবন্ধী শিক্ষার্থী, নদীভাঙ্গন, এতিম ও দুস্থ শিক্ষার্থীদের অগ্রাধিকার ভিত্তিতে নির্বাচনের সিদ্ধান্ত গৃহীত হয়।
- ২০২১-২০২২ শিক্ষা বর্ষের নিয়মিত শিক্ষার্থী যারা ২০২২ সালের ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেছে; এ ক্ষেত্রে তাদের প্রবেশপত্র জমা দিতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।
- উপবৃত্তি প্রাপ্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীর অভিভাবকের বার্ষিক আয় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার কম হতে হবে। অভিভাবক/পিতা-মাতার মোট জমির পরিমাণ সিটি কর্পোরেশন এলাকায় ০.০৫ শতাংশ এবং অন্যান্য এলাকায় ০.৭৫ শতাংশের কম জমি থাকতে হবে।
- অনলাইনের আবেদনের প্রিন্ট কপির সাথে এইচ এস সি রেজি: কার্ড এবং নম্বর পত্রের ফটোকপি জমা দিতে হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ সমাপ্ত করেন।



২৭/০৫/২৪

সভাপতি ও অধ্যক্ষ
কুমুদিনী সরকারি কলেজ
টাঙ্গাইল।

২৭/০৫/২৪